



আইসিবি সিকিউরিটিজ ট্রেডিং কোম্পানি লিমিটেড  
প্রধান কার্যালয়, ঢাকা।

বিজ্ঞপ্তি

এতদ্বারা আইসিবি সিকিউরিটিজ ট্রেডিং কোম্পানি লিমিটেড এর ব্যক্তি হিসাবধারীগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ৩১ অক্টোবর ২০১৮ তারিখে অনুষ্ঠিত কোম্পানির ১৭১তম পরিচালনা বোর্ড সভার সিদ্ধান্ত অনুযায়ী কোম্পানির ব্যক্তি হিসাবধারী কর্তৃক সম্পাদিতব্য সিকিউরিটিজ লেনদেনের ক্ষেত্রে ব্রোকারেজ কমিশন নিম্নোক্ত শর্ত সাপেক্ষে পুনর্ভরণ করা হবে:

- “০১) আইসিবি সিকিউরিটিজ ট্রেডিং কোম্পানি লিমিটেড এর প্রধান কার্যালয় ও শাখা কার্যালয়সমূহে ব্যক্তি হিসাবধারী (নগদ হিসাব ও প্রতি প্রান্তিকে শেষ তারিখের নন-ইরোশন মার্জিন হিসাব) কর্তৃক প্রত্যেক প্রান্তিকে সম্পাদিত সিকিউরিটিজ লেনদেনের উপর নিম্ন বর্ণিত হারে কমিশন পুনর্ভরণের প্রস্তাব অনুমোদিত হলো যা আগামী জুন ২০১৯ পর্যন্ত কার্যকর থাকবে;

ক্রমিক নং	প্রতি প্রান্তিকে সিকিউরিটিজ লেনদেনের পরিমাণ (টাকায়)	ব্রোকারেজ কমিশন পুনর্ভরণ (প্রতি ১০০ টাকার লেনদেন)
ক.	প্রথম ৫০ লক্ষ টাকা পর্যন্ত সিকিউরিটিজ লেনদেনের উপর	০.০০ টাকা
খ.	পরবর্তী ৫ কোটি টাকা পর্যন্ত সিকিউরিটিজ লেনদেনের উপর	০.০৫ টাকা
গ.	অবশিষ্ট সিকিউরিটিজ লেনদেনের উপর	০.০২৫ টাকা

- ০২) আইসিবি সিকিউরিটিজ ট্রেডিং কোম্পানি লিমিটেড এর প্রধান কার্যালয় ও শাখা কার্যালয়সমূহে ব্যক্তি হিসাবধারীর সহযোগীতায় এক বছরে কমপক্ষে ১০টি হিসাব খোলা হলে নিম্ন বর্ণিত শর্ত সাপেক্ষে পরিচয় প্রদানকারী ব্যক্তি হিসাবধারীর প্রত্যেক প্রান্তিকে সম্পাদিত সিকিউরিটিজ লেনদেনের উপর ০.১০% হারে কমিশন পুনর্ভরণের প্রস্তাব অনুমোদিত হলো যা আগামী ডিসেম্বর ২০১৯ পর্যন্ত কার্যকর থাকবে;

- ক. ১ম হিসাব খোলার তারিখ হতে ১০ম হিসাব এক বছরের মধ্যে খুলতে হবে,  
খ. ১০ম হিসাব খোলার প্রান্তিক হতে প্রতি প্রান্তিকের শেষ তারিখে প্রতিটি হিসাবে কমপক্ষে ১০,০০০.০০ টাকা ইকুইটি থাকতে হবে, এবং  
গ. ১০ম হিসাব খোলার প্রান্তিক হতে মোট ৪টি প্রান্তিকে পরিচয় প্রদানকারী হিসাবে কমিশন পুনর্ভরণের সুবিধা প্রদান করা হবে,

- ০৩) উপরিউক্ত কমিশন পুনর্ভরণ সুবিধা শুধুমাত্র ০.৪০% কমিশন প্রদানকারী ব্যক্তি হিসাবসমূহের জন্য প্রযোজ্য হবে এবং একটি ব্যক্তি হিসাবে ১নং ও ২নং ক্রমিকে বর্ণিত সুবিধার যেকোন ১টি সুবিধা প্রদান করা হবে।”

প্রচারক্রমে,  
কর্তৃপক্ষ  
আইসিবি সিকিউরিটিজ ট্রেডিং কোম্পানি লিমিটেড